দৈনিক ইত্তেফাক

তারিখ — 4 JAN 1989
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 6 ...

12৬

## ইংরেজী প্রবর্তন শিক্ষার মানোন্নয়নে সহায়ক হইবে

—শিক্ষা মন্ত্রী

বাসস জানায়, শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম গতকাল বলিয়াছেন যে, প্রথম শ্রেণী হইতে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ইংরেজীকে আবশ্যিক দ্বিতীয় ভাষা হিসাবে প্রবর্তন দেশের শিক্ষার মানোন্নয়নে সহায়ক হইবে এবং বাংলাদেশ[illegible] ছাত্রদের আন্তর্জাতিক ক্ষেত্রে অপেক্ষাকৃত উত্তম প্রবেশাধিকার

(শেষ পৃঃ ৫-এর কঃ ৮ঃ)

### শিক্ষামন্ত্রী

( ১ম পৃঃ পর )

দিবে। গতকাল সন্ধ্যায় স্বীয় বাসভবনে শিক্ষামন্ত্রী বলেন যে ইতিপূর্বে তৃতীয় শ্রেণী হইতে দ্বাদশ শ্রেণী পর্যন্ত ইংরেজী আবশ্যিক দ্বিতীয় ভাষা হিসাবে শিক্ষাদান করা হইত। প্রথম ও দ্বিতীয় শ্রেণীতে ইংরেজী প্রবর্তনের সাম্প্রতিক সিদ্ধান্ত শিক্ষা জীবনের শুরুতেই বিদ্যার্থীদের বাংলা অক্ষরের পাশাপাশি ইংরেজী অক্ষর শিক্ষারও সুযোগ দান করিবে। শেখ শহীদ বলেন যে, পূর্ববর্তী ব্যবস্থাধীনে তৃতীয় শ্রেণী হইতে আকস্মিকভাবে ইংরেজী প্রবর্তন ছাত্রদের জন্য সমস্যার সৃষ্টি করিত; কারণ এস, এসসি পরীক্ষার জন্য প্রস্তুতিতে তাহারা কম সময় পাইত।

শিক্ষামন্ত্রী আরও বলেন যে, যেহেতু প্রারম্ভিক পর্যায়ে ইংরেজী শিক্ষা দেওয়া হইত না সেহেতু অভিভাবকদের মধ্যে তাহাদের শিশুদের কিণ্ডার গার্টেনে ভর্তির প্রবণতা গড়িয়া উঠিতেছিল।

শিক্ষামন্ত্রী বলেন যে, সরকার রাষ্ট্রভাষা বাংলার উপর গুরুত্ব অব্যাহত রাখিবেন। জাতীয় জীবনের সর্বক্ষেত্রে বাংলা প্রচলন স্বাভাবিকভাবে অব্যাহত থাকিবে এবং বিদেশী রাষ্ট্রের সঙ্গে পত্রালাপ ব্যতীরেকে এ ক্ষেত্রে কোন শৈথিল্য দেখান হইবে না।

এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলেন যে, সরকার পরবর্তী সেশন হইতে প্রথম ও দ্বিতীয় শ্রেণীর জন্য প্রয়োজনীয় ইংরেজী পাঠ্য বই সরবরাহ করিবেন।